

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৭৪.১৬/ ৯২

তারিখঃ ২৫/০১/২০১৭খ্রিঃ।


বিষয়ঃ স্থানীয় সরকার(পৌরসভা)আইন, ২০০৯এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, স্থানীয় সরকার(পৌরসভা)আইন, ২০০৯এর ৩২ ধারা অনুযায়ী পৌর মেয়র এবং কাউন্সিলরগণ নিম্নোক্ত কারণে নিজ পদ হতে অপসারণ হবেন মর্মে উল্লেখ রয়েছেঃ-

- ক. পৌরসভার নোটিশ প্রাপ্তি সত্ত্বেও যুক্তিসঙ্গতকারণ ব্যতীত পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন,
- খ. পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কোন কার্যকলাপে জড়িত থাকেন অথবা নৈতিক স্থলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হন,
- গ. দায়িত্ব পালন করিতে অস্বীকার করেন অথবা শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন,
- ঘ. অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হন,
- ঙ. নির্বাচনের পর ইহা প্রমাণিত হয় যে, তিনি ধারা ১৯(২)অনুযায়ী নির্বাচনে অযোগ্য ছিলেন,
- চ. বার্ষিক ১২টি মাসিক সভার স্থলে অন্যান্য নয়টি সভা গ্রহণনেযোগ্য কারণ ব্যতীত অনুষ্ঠান করিতে বা উপস্থিত থাকিতে ব্যর্থ হন,
- ছ. তিনি নির্বাচনী ব্যয়ের হিসাব দাখিল না করেন কিংবা দাখিলকৃত হিসাবে অসত্য তথ্য প্রদান করিয়াছেন বলিয়া উহা দাখিলের ছয় মাসের মধ্যে প্রমাণিত হয়।

লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার(পৌরসভা)আইন, ২০০৯এর ৩২ ধারায় উপরোক্ত নির্দেশনাসমূহ থাকা সত্ত্বেও কোন কোন পৌর মেয়র এবং কাউন্সিলর যুক্তিসঙ্গতকারণ ব্যতীত উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করছেন না, যা অনভিপ্রেত।

এমতাবস্থায়, স্থানীয় সরকার(পৌরসভা)আইন, ২০০৯ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(এ.কে.এম আনিজ্জামান)
সহকারী সচিব)
ফোনঃ ৭১৬৮৯৭৩

মেয়র/প্রশাসক

-----পৌরসভা

জেলা-----।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক(সকল), জেলা-----।
- ২। উপ-সচিব(পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-----, জেলা-----।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।